# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ৩০৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৯০]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মদীনার রাস্তাসমূহে যে সমস্ত মসজিদ রয়েছে এবং যে সকল স্থানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায পড়েছেন

بَابُ الْمَسَاجِدِ الَّتِي عَلَى طُرُقِ الْمَدِينَةِ

আরবী

ﷺ ـ وَ يَقُوْلُ: إِنَّ النَّبِيَّ كَانَ يَنْزِلُ فِي الْمَسِيلِ الَّذِي فِي أَدْنَى مَرِّ الظَّهْرَانِ، قِبَلَ الْمَدِينَةِ، حِينَ يَهْبِطُ مِنَ الصَّفْرَاوَاتِ، يَنْزِلُ فِي بَطْنِ ذَلِكَ الْمَسِيلِ عَنْ يَسَارِ الطَّرِيقِ، وَأَنْتَ ذَاهِبٌ إِلَى مَكَّةَ، لَيْسَ بَيْنَ مَنْزِلِ رَسُولِ اللَّهِ وَبَيْنَ الطَّرِيقِ إِلا رَمْيَةٌ بِحَجَرٍ. (بخارى:৪৯০)

বাংলা

৩০৫) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বলতেনঃ সাফরাওয়াত থেকে নীচের দিকে নামার সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাররুয্ যাহরান উপত্যকার মদীনার দিকের নিম্নভূমিতে অবতরণ করতেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঐ উপত্যকার মাঝখানে অবতরণ করতেন, যা মক্কা যাওয়ার পথে রাস্তার বাম দিকে পড়ে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অবতরণস্থল এবং রাস্তার মাঝখানে মাত্র একটি প্রস্তর নিক্ষেপের দূরত্বের সমান।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89603

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন